## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি- ০৩/২০২৫-২০২৬

স্মারক নং : ২৭৭৯/ই

তারিখ : ১৮/১১/২০২৫ খ্রিঃ।

The Public Procurement Act-2006 & The Public Procurement Rules-2008 এবং তৎসংশ্লিষ্ট সকল সংশোধনী মোতাবেক ২০২৫-২০২৬ অর্থ সনে ৩য় কোয়ার্টার (জানুয়ারি/২০২৬ হতে মার্চ/২০২৬ খ্রিঃ পর্যন্ত) আরআরএফ, খুলনা পুলিশের রেশন সামগ্রী ক্রয়ের নিমিত্তে (ক) দেশী উন্নতমানের মশুর ডাল (খ) উন্নতমানের সয়াবিন তেল (গ) চেরাইকৃত জ্বালানী কাঠ (ঘ) পোলাও চাল ক্রয় (ঙ) কুলি সরবরাহ (চ) গম পেষাই এবং (ছ) চট/প্লাষ্টিক (ছোট/বড়) বস্তা নিলাম বিক্রয়ের ঠিকাদার নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী ঠিকাদার/সরবরাহকারীর নিকট হতে সীলমোহরকৃত খামে প্রতিযোগিতামূলক পৃথক পৃথক দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ০১ | মন্ত্রণালয়/বিভাগ | : | স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ০২ | সংস্থা | : | বাংলাদেশ পুলিশ। |
| ০৩ | দরপত্র আহ্বানকারী | : | কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, খুলনা। |
| ০৪ | দরপত্র সূত্র নম্বর ও তারিখ | : | স্মারক নং : ২৭৭৯/ই, তারিখ : ১৮/১১/২০২৫ খ্রিঃ। |
| ০৫ | দরপত্রের পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)। |
| ০৬ | বাজেট ও তহবিলের উৎস | : | বাংলাদেশ পুলিশ বাজেটের আওতায় রাজস্ব খাত (পিএলএ)। |
| ০৭ | দরপত্র আহ্বান/দরপত্রের বিষয় | : | ক্রমিক নং-১৭ এ বর্ণিত। |
| ০৮ | দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ | : | ১৮/১১/২০২৫ খ্রিঃ। |
| ০৯ | আবেদন জমা ও দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ০৯/১২/২০২৫ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ১০ | দরপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময় | : | ১০/১২/২০২৫ খ্রিঃ, বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১১ | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | : | ১০/১২/২০২৫ খ্রিঃ, বেলা ১২.৩০ ঘটিকা। |
| ১২ | দরপত্র মূল্যায়নের তারিখ ও সময় | : | ১১/১২/২০২৫ খ্রিঃ, বেলা ১১.০০ ঘটিকা। |
| ১৩ | দরপত্র ডকুমেন্ট/সিডিউল প্রাপ্তির স্থান/কার্যালয় | : | ১। রেঞ্জ ডিআইজি এর কার্যালয়, খুলনা।<br>২। কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি) এর কার্যালয়, আরআরএফ, খুলনা।<br>৩। কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি) এর কার্যালয়, ৩ এপিবিএন, খুলনা। |
| ১৪ | দরপত্র গ্রহণকারী কার্যালয়/জমার স্থান | : | কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি) এর কার্যালয়, আরআরএফ, খুলনা। |
| ১৫ | দরপত্র খোলার স্থান | : | কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি) এর কার্যালয়, আরআরএফ, খুলনা। |
| ১৬ | দরদাতার যোগ্যতা/কাগজপত্রাদি। | : | (১) হালনাগাদ ট্রেড লাইসেন্স। (২) হালনাগাদ আয়কর সনদপত্র। (৩) ভ্যাট রেজিস্ট্রেশন সনদপত্র। (৪) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতার সনদপত্র। (৫) বাংলাদেশের নাগরিকত্ব সনদপত্র। (৬) দরপত্র দাখিলের তারিখের পূর্বে ০৬ (ছয়) মাসের ব্যাংক লেনদেনের স্টেটমেন্ট ও ব্যাংক সলভেন্সি সনদ। (৭) গম পেষাইয়ের ক্ষেত্রে মিলের মালিকানার স্বপক্ষে সনদপত্র/হলফনামা এবং নিজস্ব ফ্লাওয়ার মিল/মিলের সাথে অবশ্যই চুক্তি থাকতে হবে। (৮) প্রতিষ্ঠানের মালিকানা সংক্রান্ত হলফনামা। (৯) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি। (১০) দরপত্র দাখিলের ক্ষেত্রে (ক্রমিক নং-১৭ এর ক, খ ও গ) ব্যাংকে নগদ সর্বনিম্ন ১৫,০০,০০০/- (পনেরো লক্ষ) টাকা জমা আছে তার হালনাগাদ ব্যালান্সশীট। উল্লেখ্য যে, সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক দরপত্র দাখিল করতে হবে। |

১৭

| ক্রঃ নং | রেশন সামগ্রীর ধরণ | মালামালের পরিমাণ (আনুমানিক) | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) (টাকা) | দরপত্র জামানত (ব্যাংক ড্রাফট) (টাকা) | কাজের সময়সীমা |
|---|---|---|---|---|---|
| ক. | মশুর ডাল দেশী উন্নতমানের নমুনা হিসেবে কমপক্ষে ৫০০ গ্রাম মশুর ডাল স্বচ্ছ প্লাস্টিকের কৌটায় দরপত্রের সাথে আরআরএফ, খুলনার কার্যালয়ে জমা দিতে হবে। নমুনা ব্যতীত কোন দরপত্র গৃহীত হবে না। | ১৫,০০০ (পনেরো হাজার) কেজি। | ১,০০০/- | ৪৫,০০০/- | জানুয়ারি/২০২৬ হতে মার্চ/২০২৬ খ্রিঃ পর্যন্ত। |
| খ. | উন্নতমানের সয়াবিন তেল নমুনা হিসেবে কমপক্ষে ০১ লিটার সয়াবিন তেল দরপত্রের সাথে আরআরএফ, খুলনার কার্যালয়ে জমা দিতে হবে। নমুনা ব্যতীত কোন দরপত্র গৃহীত হবে না। | ১৫,০০০ (পনেরো হাজার) লিটার। | ১,০০০/- | ৫০,০০০/- | |
| গ. | গম পেষাই (কেবলমাত্র অটোমিলের মালিকগণই সিডিউল ক্রয় করতে পারবেন)। | ৪৮০ (চারশত আশি) কুইন্টাল। | ৫০০/- | ১০,০০০/- | |
| ঘ. | চেরাইকৃত জ্বালানী কাঠ (শিরিষ/আম শুকনা) - সাইজ লম্বা সর্বোচ্চ ৩ফুট এবং বেড় সর্বোচ্চ ৪.৫ ইঞ্চি। নমুনা হিসেবে ১০ কেজি শুকনা চেরাই কাঠ দরপত্রের সাথে আরআরএফ, খুলনার কার্যালয়ে জমা দিতে হবে। | চাহিদা মোতাবেক। | ৫০০/- | ৫,০০০/- | |
| ঙ. | কুলি সরবরাহ। | চাহিদা মোতাবেক। | ৫০০/- | ৫,০০০/- | |
| চ. | উন্নতমানের পোলাও চাল (সুঘ্রাণযুক্ত কালিজিরা/চিনিগুঁড়া/সমমানের) নমুনা হিসেবে ০১ কেজি পোলাও চাল দরপত্রের সাথে আরআরএফ,খুলনার কার্যালয়ে জমা দিতে হবে। | চাহিদা মোতাবেক। | ৫০০/- | ৫,০০০/- | |
| ছ. | বস্তা নিলাম (১। চটের বস্তা ছেঁড়াকাটা যে অবস্থায় আছে, ২। প্লাষ্টিকের বস্তা ছেঁড়াকাটা যে অবস্থায় আছে)। | রেশন স্টোরে সংরক্ষিত। | ৫০০/- | ৫,০০০/- | |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম | ঃ | জনাব মোঃ হাতেম আলী, পিপিএম-সেবা। |
| ১৯ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার পদবী | ঃ | কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্বে) অ্যাডিশনাল ডিআইজি। |
| ২০ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার ঠিকানা | ঃ | আরআরএফ, কম্পাউন্ড, মীরেরডাঙ্গা, খুলনা। |
| ২১ | দরপত্র আহ্বানকারী কর্মকর্তার সাথে যোগাযোগের মাধ্যম | ঃ | মোবাইল- ০১৩২০-১৫০১০০, ফোন-০২৪৭৭৭৩৩২৫১, ফ্যাক্স-০২৪৭৭৭৩৩২০৪, e-mail: comrrfkhulna@police.gov.bd |

২২ বিশেষ জ্ঞাতব্য ঃ

ক) ব্যক্তি বা প্রতিষ্ঠানের সত্ত্বাধিকারীর স্বাক্ষরযুক্ত প্যাডে আবেদনপূর্বক ১৩ ক্রমিকে বর্ণিত কার্যালয় সমূহ হতে অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যতীত) দরপত্র সংগ্রহ করা যাবে।

খ) দরপত্র সংক্রান্তে অন্যান্য তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

গ) সিডিউল ক্রয়ের প্রাক্কালে প্রাক-যোগ্যতা হিসাবে সংশ্লিষ্ট ব্যক্তি/ঠিকাদার/প্রতিষ্ঠানকে দাখিলকৃত সকল কাগজের মূলকপি কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, খুলনা বরাবর দাখিল করতে হবে।

ঘ) কার্যাদেশ মোতাবেক মালামাল সরবরাহ করতে হবে এবং বরাদ্দের প্রেক্ষিতে বিল পরিশোধ করা হবে।

ঙ) কোন কারণ বশত দরপত্র জমা বা খোলার দিন সরকারি বন্ধ/ছুটি থাকলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে ও যথা নিয়মে দরপত্র জমা প্রদান ও খোলা হবে।

চ) সর্বনিম্ন দরদাতার দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে।

ছ) দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ যে কোন সময় কারণ দর্শানো ব্যতীত দরপত্র বাতিলের ক্ষমতা রাখেন।

জ) গৃহীত দরদাতার সরবরাহকৃত মালের বিল মালিক ছাড়া অন্য কেউ গ্রহণ করতে পারবেন না।

ঝ) দরপত্র ক্রয়ের সময় সংশ্লিষ্ট স্থানে সংরক্ষিত ডালের নমুনা সরেজমিনে দেখে দরপত্র দাখিলকালে সে মোতাবেক নমুনা জমা দিতে হবে এবং প্রতি ১০ (দশ) গ্রাম মশুর ডালে ৬০০ (ছয়শত) টির উর্ধ্বে পূর্ণাঙ্গ দানা থাকতে হবে।

ঞ) নির্দিষ্ট সময়ের পরে আর কোন দরপত্র গ্রহণ করা হবে না। কালো তালিকাভূক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানকে সিডিউল প্রদান করা হবে না।

ট) দরপত্র গৃহীত না হওয়া পর্যন্ত দরপত্রের সাথে দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং ডালের নমুনা ফেরত দেওয়া হবে না।

ঠ) গৃহীত দরদাতা/সরবরাহকারীকে কার্যাদেশ প্রদানের পূর্বে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে এবং গৃহীত দরের মোট মূল্যের উপর ১০% কার্য সমাপ্তির জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, খুলনার অনুকূলে জমা দিতে হবে।

ড) গম পেষাই করে সরবরাহকৃত প্যাকেটজাত আটা যদি রেশন সামগ্রী গ্রহণ কমিটি মানসম্মত মনে না করেন সেক্ষেত্রে অন্য কোম্পানীর প্যাকেটজাত আটা যেমন-বসুন্ধরা, ফ্রেশ, আকিজ ইত্যাদি সরবরাহ করতে হবে।

ঢ) সরবরাহকৃত উন্নতমানের দেশী মশুর ডাল এবং সয়াবিন তেল বিএসটিআই কর্তৃক ল্যাবরেটরী পরীক্ষা করানো হবে। সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক নিজ খরচে উক্ত পরীক্ষা সম্পন্ন করণ পূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে।

ণ) দরপত্র আহ্বানকারী কর্তৃক প্রদত্ত নমুনা এবং সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক দাখিলকৃত নমুনার সাথে মিল রেখে ডাল গ্রহণ করা হবে। ঠিকাদার কর্তৃক দাখিলকৃত নমুনার সাথে সরবরাহকৃত ডালের নমুনার গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট ডাল গ্রহণ করা হবে না।

ত) দরপত্রে উল্লেখিত শর্তসমূহের যে কোনটির ব্যাখ্যা নিয়ে দ্বিমত দেখা দিলে কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, খুলনার সিদ্ধান্তই চূড়ান্ত, ৩য় পক্ষের পরামর্শ বা কোন আদালতের আশ্রয় গ্রহণ করা যাবে না।

থ) মশুর ডাল, তেল ও আটা সরবরাহের ক্ষেত্রে নিম্নোক্ত ছক অনুযায়ী প্যাকেটে মালামাল সরবরাহ করতে হবে।

| আইটেমের নাম | প্যাকেটের ও বোতলের বিভাজন |
|---|---|
| আটা | ০১। ০১ কেজির প্যাকেট, ০২। ০২ কেজির প্যাকেট এবং ০৩। ০৫ কেজির প্যাকেট। |
| ডাল | ০১। ০.৫ কেজির প্যাকেট, ০২। ০২ কেজির প্যাকেট, ০৩। ৩.৫ কেজির প্যাকেট এবং ০৪। ৫ কেজির প্যাকেট । |
| সয়াবিন তেল | ০১। ০.৫ লিটারের বোতল, ০২। ২ লিটারের বোতল, ০৩। ০৫ লিটারের বোতল এবং ০৪। ০৮ লিটারের বোতল। |

শর্তাবলী ঃ মশুর ডাল সরবরাহকারী ও গম পেষাইয়ের ঠিকাদারকে সংশ্লিষ্ট মশুর ডাল ও আটা সরবরাহের জন্য উন্নত মানের স্বচ্ছ পলিপ্যাকে প্যাকেটজাত করে ইনচার্জ রেশন স্টোরের চাহিদা অনুযায়ী এবং প্যাকেটের গায়ে স্পষ্ট ভাবে পণ্যের ওজন, উৎপাদনের তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ উল্লেখ পূর্বক উপরোক্ত ছক অনুযায়ী উল্লেখিত মালামাল সমূহ সরবরাহ করতে হবে।

স্বাঃ -
(মোঃ হাতেম আলী, পিপিএম-সেবা)
বিপি-৭৬০৫১১৯৭৮৬
কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্বে)
(অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, খুলনা।
ফোন- ০২৪৭৭৭৩৩২৫১, ফ্যাক্স- ০২৪৭৭৭৩৩২০৪
e-mail- comrrfkhulna@police.gov.bd

০১। রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা (সদয় অবগতির জন্য)।
০২। ডিআইজি (ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা এবং এমডি, পুলিশ ট্রাস্ট ইন্ডাস্ট্রিয়াল প্রোডাক্টস্ লিমিটেড (সদয় অবগতির জন্য)।
০৩। কমান্ড্যান্ট (অ্যাডিশনাল ডিআইজি) এর কার্যালয়, ৩ এপিবিএন, খুলনা।
০৪। এআইজি (সাপ্লাই), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
০৫। পুলিশ সুপার, খুলনা।

(০৩–০৫) অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।


(মোঃ হাতেম আলী, পিপিএম-সেবা)
বিপি-৭৬০৫১১৯৭৮৬
কমান্ড্যান্ট (অতিরিক্ত দায়িত্বে)
(অ্যাডিশনাল ডিআইজি), আরআরএফ, খুলনা।
ফোন- ০২৪৭৭৭৩৩২৫১, ফ্যাক্স- ০২৪৭৭৭৩৩২০৪
e-mail- comrrfkhulna@police.gov.bd